

সভাপতিঃ জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, উপ-সহকারী নিবন্ধক, জেলা সমবায় কার্যালয়, নাটোর।

সভার তারিখঃ ২৬ সেপ্টেম্বর, ২০২৩ খ্রিঃ।

সভার সময়ঃ সকাল ১০.৩০ ঘটিকা

স্থানঃ জেলা সমবায় কার্যালয়, নাটোর

উপস্থিতিঃ হাজিরা শীট সংযুক্ত।

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানান। সভাপতির অনুমতিক্রমে নৈতিকতা কমিটির সদস্য জনাব মোঃ আব্দুল হান্নান, সরেজমিনে তদন্তকারী, জেলা সমবায় কার্যালয়, নাটোর সভার কার্যক্রম শুরু করেন। তিনি সকলকে জানান যে, এ কার্যালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২৪ এ উল্লিখিত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের(Stakeholders) অংশগ্রহণে ত্রৈমাসিক সভা আয়োজন করা হয়েছে। সভাপতি এ কার্যালয় এবং আওতাধীন উপজেলা সমবায় অফিসারের কার্যালয় হতে প্রদত্ত সেবাসমূহ সুশাসন প্রতিষ্ঠায় কতটা কার্যকর ভূমিকা রাখছে এবং এক্ষেত্রে কি ধরনের প্রতিবন্ধকতা পরিলক্ষিত হচ্ছে সে বিষয়ে সভার সকলকে সুচিন্তিত মতামত তুলে ধরার জন্য অনুরোধ করেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রমিক নং	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	<u>সেবা প্রদান ডিজিটাইজেশন করণঃ</u> অত্র দপ্তরের সরেজমিনে তদন্তকারী, সভাকে জানান বর্তমান সরকার সকল সেবা ডিজিটাইজেশনের আওতায় আনার চেষ্টা অব্যাহত রেখেছে। ইতোমধ্যে সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধন ২০০২ও ২০১৩) এবং বিধিমালা ২০০৪ (সংশোধন ২০২০) অন লাইনে প্রাপ্তির বিষয়ে ইজি এ্যাক্ট সফটওয়্যার ব্যবস্থাপনায় গৃহীত নানা উদ্যোগ প্রশংসিত হয়েছে। এ সকল পদক্ষেপের ফলে জনভোগান্তি যেমন হ্রাস পেয়েছে তেমনি সুশাসন প্রতিষ্ঠায় কার্যকরী ভূমিকা পালন করছে।	সকল সেবা ডিজিটাল পদ্ধতিতে (সংশ্লিষ্ট ক্ষেত্রে) প্রদান করতে হবে	দপ্তর প্রধান (সকল উপজেলা সমবায় অফিস), নাটোর।
২.	<u>অভিযোগ প্রতিকারঃ</u> জেলা সমবায় অফিসার, নাটোর বলেন যে, সুশাসন প্রতিষ্ঠায় সকল নাগরিকের অংশ গ্রহণের সুযোগকে আরও বাড়াতে হবে। সরকারের নানাবিধ কার্যক্রমের ফলে সরকারি বিভিন্ন প্রয়োজনীয় তথ্য জনগণের হাতের মুঠোয় পৌঁছানো সম্ভব হয়েছে। সরকারি প্রতিটি দপ্তরের ওয়েবপোর্টালে সংশ্লিষ্ট সেবা প্রদানকারীর তথ্য রয়েছে। অভিযোগ প্রতিকারের জন্য যেকোন সেবা প্রত্যাশী সংশ্লিষ্ট ব্যক্তির সাথে সরাসরি মোবাইলে কথা বলতে পারেন। ফলশ্রুতিতে তার সেবা প্রাপ্তিতে কোন	১। ভোগান্তিবিহীন সেবা নিশ্চিত করতে হবে। ২। অভিযোগ আসার সাথে সাথে তার দ্রুত প্রতিকারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	দপ্তর প্রধান (সকল উপজেলা সমবায় অফিস), নাটোর।

	অভিযোগ থাকলে সহসাই তা নিরসন করা সম্ভব হয়।		
৩.	<u>জনগনকে সম্পৃক্ত করনঃ</u> উপ সহকারী নিবন্ধক, জেলা সমবায় কার্যালয়, নাটোর বলেন যে, জনস্বার্থে সরকার কর্তৃক গ্রহনকৃত বিভিন্ন কার্যক্রমকে আরও কার্যকর স্বচ্ছ জবাব দিহি ও জনসম্পৃক্তকরনে কি কি ধরনের পদক্ষেপ গ্রহন করা যায় সে বিষয়ে সকল কে উদ্ভাবনী চিন্তা ভাবনা করা প্রয়োজন। অতপর এ কার্যালয় হতে প্রদত্ত সেবা সমূহ অতি সহজে কিভাবে সেবা প্রত্যাশিদের সেবা প্রদান করা যায় সে বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। এ বিষয়ে কাযালয়ের ফাইল উপস্থাপনকারীদের দৃষ্টি আকর্ষণ করা হয়।	১। বিভিন্ন কার্যক্রমে জনসম্পৃক্ত করনে পদক্ষেপ গ্রহন করতে হবে। ২। সেবা প্রত্যাশিদের অতি সহজে সেবা প্রদানের বিষয়ে কার্যকরী পদক্ষেপ গ্রহন করতে হবে।	দপ্তর প্রধান ( সকল উপজেলা সমবায় অফিস) ও জেলা কার্যালয়ের ফাইল উপস্থাপনকারী গন), নাটোর।
৪.	<u>ওয়েবপোর্টাল হালনাগাদ করনঃ</u> জেলা সমবায় অফিসার নাটোর সভাকে জানান সুশাসন প্রতিষ্ঠায় সরকারী উদ্যোগের পাশাপাশি অবাধ তথ্য প্রবাহের উপর গুরুত্বারোপ করেন। তিনি জাতীয় তথ্য বাতায়ন সম্পর্কে বলেন অধিকাংশ উপজেলা সমবায় দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ থাকে না। এজন্য তিনি এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান।	সকল দপ্তরের ওয়েবপোর্টাল হালনাগাদ করতে হবে।	দপ্তর প্রধান ( অত্র দপ্তরসহ সকল উপজেলা সমবায় অফিস), নাটোর।
৫.	<u>সিটিজেন চার্টার প্রদর্শনঃ</u> উপ সহকারী নিবন্ধক, জেলা সমবায় কার্যালয়, নাটোর বলেন যে বর্তমান প্রশাসন সেবা প্রদানে জনগনের দোড়গোড়ায় যাচ্ছে ফলে এটি অংশগ্রহন মূলক হচ্ছে এবং সরকারের কর্মকান্ড সম্পর্কে জনগন জানার সুযোগ পাচ্ছে। এটি সুশাসন প্রতিষ্ঠায় একটি সহায়ক উপাদান হিসাবে কাজ করছে বলে তিনি মনে করেন।	সিটিজেন চার্টারে বর্ণিত সময় সিমার মধ্যে সেবা প্রদান নিশ্চিত করতে হবে।	দপ্তর প্রধান ( অত্র দপ্তরসহ সকল উপজেলা সমবায় অফিস), নাটোর।
৬.	<u>শুদ্ধাচার বাস্তবায়নঃ</u> সভায় শুদ্ধাচার বাস্তবায়নে কর্মকর্তা কর্মচারীদের সকল প্রকার আর্থিক ও যে কোন অনিয়ম থেকে বিরত থাকার বিষয়ে আলোচনা করা হয়।	সকলকে আর্থিক ও যে কোন অনিয়ম থেকে বিরত থাকতে হবে।	দপ্তর প্রধান ( অত্র দপ্তরসহ সকল উপজেলা সমবায় অফিস), নাটোর।
৭.	<u>উন্নত কর্ম পরিবেশ/নথি বিনষ্টকরণ/ মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা/ ৪র্থ শ্রেণির কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহঃ</u> সভায়	বর্ণিত সময়সীমার মধ্যে সেবা প্রদান নিশ্চিত করতে	দপ্তর প্রধান ( অত্র দপ্তরসহ

	উল্লেখিত বিষয় গুলো পালনের নির্দেশ দেয়া হয়।	হবে।	সকল উপজেলা সমবায় অফিস), নাটোর।
৮.	ক্রয় পরিকল্পনা ওয়েব সাইটে প্রকাশঃ সভায় ক্রয় পরিকল্পনা ওয়েব সাইটে প্রকাশের জন্য বলা হয়।	বর্ণিত সময়সীমার মধ্যে ক্রয় পরিকল্পনা নিশ্চিত করতে হবে।	দপ্তর প্রধান ( অত্র দপ্তরসহ সকল উপজেলা সমবায় অফিস), নাটোর।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
সভাপতি ২৬.৮.২৬,

নৈতিকতা কমিটির

সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণের সভা।